

# কুবির বিজয়-২৪ হলে মাদকবিরোধী অভিযান: তিন রুম থেকে মাদকদ্রব্য উদ্ধার

কুবি সংবাদদাতা

প্রকাশিত: ০১:৫৮, ৭ মে ২০২৫; আপডেট: ০২:০০, ৭ মে ২০২৫



ছবি: সংগৃহীত

×



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) বিজয়-২৪ হলে মাদকবিরোধী অভিযান চালিয়ে তিনটি কক্ষ থেকে  
মাদকদ্রব্য উদ্ধার করেছে হল প্রশাসন। মঙ্গলবার (৬ মে) রাত এগারোটার দিকে হল প্রাধ্যক্ষের নেতৃত্বে  
এই অভিযান পরিচালনা করা হয়।

বিজয়-২৪ হলের প্রাধ্যক্ষ ড. মাহামুদুল হাসান খাঁন, আবাসিক শিক্ষক মোঃ গোলাম মাহমুদ পাতেল ও  
মোহাম্মদ ওমর ফারুক এই অভিযান পরিচালনা করেন। এসময় ৪০৫, ৫০৫ ও ৫১৬ নম্বর কক্ষে  
মাদকদ্রব্য উদ্ধার করে হল প্রশাসন।

পরবর্তী সময়ে উক্ত রূমগুলোর আবাসিক চার শিক্ষার্থীর প্রাথমিকভাবে জড়িত থাকার বিষয়ে প্রমাণ পেয়েছেন বলে জানান প্রাধ্যক্ষ। চারজন হলেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ওয়াসিফুল ইসলাম সাদিফ, লোকপ্রশাসন বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী আরিফ, ফার্মেসি বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সাইফ হাসান জিদনী এবং প্রত্নতত্ত্ব বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী শাকিল খান।

হলের প্রাধ্যক্ষ ড. মাহামুদুল হাসান খাঁন বলেন, ‘আমরা প্রতিদিনের মতো আজকেও অভিযান চালিয়ে ৪ জনকে মাদকদ্রব্যসহ পেয়েছি। তাদের বিরুদ্ধে আগামীকাল প্রস্তরিয়াল বড়ির কাছে লিখিত অভিযোগ দেব। পরবর্তীতে শৃঙ্খলা বোর্ডে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। তবে অভিযুক্ত চারজন কোনোভাবেই হলে থাকতে পারবে না।’